দৈনিক বাংলা

তারিখ ... 23 JUN 1993 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

ভাংচুর ঃ গোলযোগ

# এইচএসসি ঃ বহিষ্কৃত ২১০০

স্টাফ রিপোর্টার ঃ মঙ্গলবার ঢাকা, রাজশাহী, কুমিল্লা ও যশোর বোর্ডের এইচএসসি'র ইংরেজী দ্বিতীয়পত্র পরীক্ষায় একুশ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। সবচেয়ে বেশী সংখ্যক পরীক্ষার্থী বহিষ্কৃত হয় রাজশাহী বোর্ডে। এই বোর্ডে গতকাল ৯ শতাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। এছাড়া ঢাকা বোর্ডে ১৪টি জেলায় ৫৬৫ জন, কুমিল্লা বোর্ডের সাতটি জেলায় ৫৫০ জন ও যশোর বোর্ডে, ৬টি

(৮-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **এইচএসসি**

জেলায় ১৩০ জন পরীক্ষার্থী নকল করার দায়ে বহিষ্কৃত হয়েছে। এ খবর আমাদের সংবাদদাতারা জানান।

এদিকে নকল করতে না দেয়ায় কুমিল্লা বোর্ডের অধীন খাগড়াছড়ি জেলার মহালছড়ি কেন্দ্র, খুলাইন সালেহ নূর কলেজ কেন্দ্র ও লোহাগড়া কেন্দ্রে এবং রাজশাহী বোর্ডের ঠাকুরগাঁও জেলার হরিপুর মুসলিম উদ্দিন কলেজ কেন্দ্রে উচ্ছৃংখল পরীক্ষার্থীরা এসব কেন্দ্রে ভাংচুর ও অপ্রীতিকর ঘটনা ঘটিয়েছে। চট্টগ্রামের লোহাগড়া কেন্দ্রে পরীক্ষার্থীরা হল থেকে বেরিয়ে রাস্তায় বেরিকেড করে এবং কয়েকটি গাড়ি ভাংচুর করে।

## কুমিল্লা

কুমিল্লা থেকে আমাদের সংবাদদাতা জানান ঃ মঙ্গলবার সকাল ১১টায় খাগড়াছড়ি কেন্দ্রে নকল ধরা শুরু হলে পরীক্ষার্থীরা হল থেকে বের হয়ে যায়। তারা থানা নির্বাহী কর্মকর্তা, বহিরাগত পরিদর্শক ও পুলিশের উপর ব্যাপকভাবে ইটপাটকেল নিক্ষেপ করে হামলা চালায়। এ কারণে টিএনও বহিরাগত ভিজিল্যান্স টিম ও পুলিশ কেন্দ্র থেকে চলে যায়।

পরিস্থিতি আয়ত্তের বাইরে চলে গেলে জেলা প্রশাসকের নির্দেশে কেন্দ্রে সেনাবাহিনী তলব করা হয় এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। এবং পরীক্ষার্থীরা শান্তিপূর্ণভাবে পরীক্ষায় অংশ নেয়।

আমাদের কুমিল্লা সংবাদদাতা আরও জানা, কুমিল্লা বোর্ডের একজন ডেপুটি কন্ট্রোলারের নেতৃত্বে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত দল এ ব্যাপারে তদন্ত করার জন্য আজ বুধবার কুমিল্লায় যাচ্ছেন।

## চট্টগ্রাম

চট্টগ্রাম থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান ঃ খুলাইন-সালেহ নূর কলেজ কেন্দ্রে ২৯ জনকে বহিষ্কার করা হলে এই কেন্দ্রের ৩৫৭ জন পরীক্ষার্থী পরীক্ষার দু'ঘন্টা পরে বেরিয়ে যায়। ২৯ জন পরীক্ষার্থী খাতা জমা দেয়নি। জেলা প্রশাসকের উপস্থিতিতে এই বহিষ্কার করা হয়। এছাড়া লোহাগড়া কেন্দ্রে দু'জন পরীক্ষার্থীকে নকলের দায়ে বহিষ্কার করলে অন্যান্য পরীক্ষার্থীরা হল থেকে বেরিয়ে রাস্তায় ব্যরিকেড সৃষ্টি করে। এবং বেশ কয়েকটি গাড়ি ভাংচুর করে।

## রাজশাহী

রাজশাহী বোর্ডের একজন কর্মকর্তা ঠাকুরগাঁ জেলার অতিরিক্ত জেলা প্রশাসকের বরাত দিয়ে জানান হরিপুর মুসলিম উদ্দিন কলেজ কেন্দ্রে প্রশ্নপত্র কমন না পড়ায় ছাত্র-ছাত্রীরা হৈ চৈ করে হল থেকে বের হয়ে যায়। পরে বিশ মিনিট পরে তারা হলে ফিরে আসে।

## যশোর

আমাদের স্টাফ রিপোর্টার জানান, ঝিকরগাছা কেন্দ্রে নকলের সুযোগ না দেয়ায় নাভারণ কলেজের অধ্যাপক নূর মোঃ ইলিয়াছকে একদল উচ্ছৃংখল পরীক্ষার্থী বেদম প্রহার করে। পুলিশ তাকে উদ্ধার করে। সন্ধ্যায় যশোর প্রেসক্লাবে এসে আহত অধ্যাপক এই অভিযোগ জানান। বিষয়টি বোর্ডের চেয়ারম্যান ও শিক্ষা মন্ত্রণালয়কে লিখিত আকারে জানিয়েছেন। নিরাপত্তার অভাবে ঝিকরগাছা থানাতে এজাহার করতে পারেননি বলে যশোর সাংবাদিকদের জানান। নূর মোঃ ইলিয়াছ বহিরাগত পরিদর্শকদলের একজন সদস্য।

## বাগেরহাট

আমাদের বাগেরহাট সংবাদদাতা জানান, মোড়লগঞ্জ কেন্দ্রে যশোর বোর্ড থেকে আসা ভিজিল্যান্স টিমের একজন সদস্য উচ্ছৃংখল পরীক্ষার্থীদের দ্বারা প্রহৃত হয়েছেন। নকলের সুযোগ না দেয়ায় পরীক্ষার্থীরা এ কাজ করেন। জেলা প্রশাসনের একজন কর্মকর্তা জানান, ভিজিল্যান্স টিমের এই সদস্যের নাম জাকির হোসেন। পুলিশ উচ্ছৃংখল যুবকদের কবল থেকে উদ্ধার করে।

বিসিএস সাধারণ শিক্ষা সমিতির সভাপতি ডঃ হাবিবুর রহমান এবং মহাসচিব মোঃ আবু ইউসুফ এক যুক্ত বিবৃতিতে চলতি এইচএসসি পরীক্ষার দায়িত্ব পালনকালে শিক্ষকদের নিরাপত্তাহীনতায় গভীর উদ্বেগ প্রকাশ করেছেন।